

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ

প্রকা/রুমাবি-৩২৫/২০১৪-২০১৫/ ৮৫৩(১২০০)

তারিখ : ০৭-০১-২০১৫ খ্রিঃ

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
- ০৩। উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বিষয় : আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ) টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক,
প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য
পুনঃ অর্থায়ন ক্ষীমের আওতায় ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে পরিকল্পনা পরিপত্র নং ১০/২০১৪ তারিখ ২৫-০৯-২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রের সূত্রে আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী গ্রাহকদের অধিকতর ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ০৩ তারিখ ২২-১২-২০১৪ মোতাবেক নিম্নরূপ সংশোধন ও সংযোজন করা হলোঃ

বিদ্যমান নীতিমালা	সংশোধিত নীতিমালা
(ক) গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হার : (০১) গ্রাহক পর্যায়ে এ তহবিল হতে ঋণের বিপরীতে সর্বোচ্চ ১২% হারে (প্রচলিত ব্যাংক রেট বর্তমানে ৫% + সর্বোচ্চ ৭% হারে) সুদ আদায় করবে। (০২) এমএফআই লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ করার ক্ষেত্রে ব্যাংক এমএফআই থেকে সর্বোচ্চ ৭% (প্রচলিত ব্যাংক রেট বর্তমানে ৫% + সর্বোচ্চ ২%) হারে সুদ আদায় করবে। (০৩) এমএফআই কর্তৃক প্রদত্ত ঋণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে ১৯%। (খ) ঋণ বিতরণ : পুনঃঅর্থায়ন তহবিলের বিপরীতে অনুমোদিত অর্থের ২৫% সরাসরি ব্যাংক কর্তৃক এবং ৭৫% এমএফআই লিংকেজ এর মাধ্যমে বিতরণ করতে হবে।	(ক) গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হার : (০১) গ্রাহক পর্যায়ে এ তহবিল হতে ঋণের বিপরীতে সর্বোচ্চ ৯.৫% হারে (প্রচলিত ব্যাংক রেট বর্তমানে ৫% + সর্বোচ্চ ৪.৫% হারে) সুদ আদায় করবে। (০২) এমএফআই লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ করার ক্ষেত্রে ব্যাংক এমএফআই থেকে সর্বোচ্চ ৭% (প্রচলিত ব্যাংক রেট বর্তমানে ৫% + সর্বোচ্চ ২%) হারে সুদ আদায় করবে। (০৩) এমএফআই কর্তৃক প্রদত্ত ঋণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে ৯.৫%। (খ) ঋণ বিতরণ : (১) পুনঃঅর্থায়ন তহবিলের অধিকাংশই সরাসরি ব্যাংকের মাধ্যমে গ্রাহক পর্যায়ে বিতরণযোগ্য হবে। (২) যেসব অঞ্চলে ব্যাংকের শাখা/আউটলেট নেই সেসব অঞ্চলে ব্যাংক এমএফআই লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ করা যাবে।

	<p>(গ) এমএফআইকে সরাসরি টাকা প্রদান না করে ১০ টাকার হিসাবসমূহ সচল রাখার উদ্দেশ্যে এমএফআই কর্তৃক নির্বাচিত এবং ঋণ অনুমোদিত গ্রাহকদের তালিকা ব্যাংক হিসাবসহ সংশ্লিষ্ট ব্যাংক শাখায় সরবরাহ করা হলে উল্লেখিত গ্রাহকদের হিসাবে অনুমোদিত ঋণের টাকা ব্যাংক সরাসরি ছাড় করবে।</p>
--	---

০৩। পরিকল্পনা পরিপত্র নং ১০/২০১৪ তারিখ ২৫-০৯-২০১৪ এর অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে -




০৭-০১-২০১৫
(মোঃ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ক্যাবি-৩২৫/২০১৪-২০১৫/৮৫৩(১১৭)

তারিখ ০৭-০১-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয় বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি, ঢাকা
- ০৪) অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৫) সচিব, পর্ষদ সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬) সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮) উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকাকে পত্রটি বিকেবি'র নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১০) নথি/ মহানথি।



০৭-০১-২০১৫
(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক